# U.G. 2nd Semester Examination - 2022

## BENGALI

## [HONOURS]

### Course Code : BBNGGEHT5A

### Course Title : আধুনিক বাংলা সাহিত্যের নির্বাচিত পাঠ

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) 'মেঘনাদবধ কাব্য' কয়টি সর্গে বিভক্ত?

খ) 'মেঘনাদবধ কাব্যে'র তৃতীয় সর্গের সমাপ্তিসূচক অংশটি লেখো।

গ) "চিত্ররথ নাম মম, শুন দাশরথি"— চিত্ররথ কে?

ঘ) 'মেঘনাদবধ কাব্য' কোন্ ছন্দে লেখা?

ঙ) 'কপালকুণ্ডলা' কোন্ কোন্ ভাষায় অনূদিত হয়েছে?

চ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছেদের নাম লেখো।

ছ) "আহা! কি দেখিলাম, জন্ম জন্মান্তরেও ভুলিব না"- বক্তা কী দেখে এরূপ মন্তব্য করেছেন?

জ) 'সোনার তরী' কবিতায় উল্লিখিত মাঝি কীসের প্রতীক?

[পরের পাতায়]

ঝ) রবীন্দ্রনাথ ঠাকুর কী দেখে 'সমুদ্রের প্রতি' কবিতাটি লিখেছিলেন?

ঞ) 'যেতে নাহি দিব' কবিতায় যে ছোট্ট মেয়েটির কথা আছে তার বয়স কত?

ট) 'সোনার তরী' কাব্যগ্রন্থের শেষ কবিতাটির নাম লেখো।

ঠ) গিরিশচন্দ্র ঘোষের 'জনা' নাটক কবে, কোথায় প্রথম অভিনীত হয়?

ড) 'জনা' নাটকে প্রবীরের স্ত্রীর নাম লেখো।

ঢ) "তিনপুরে বীর-নাহি প্রবীর সমান"— কার উক্তি?

ণ) "কপটের শিরোমণি তুমি"— এখানে কপট কাকে বলা হয়েছে?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) "চল সখি, লঙ্কাপুরে যাই মোরা সবে।"- সখির নাম লেখো। কার সখির কথা বলা হয়েছে?

খ) "নিশার স্বপন নহে এ, বৈদেহীনাথ কহিনু তোমারে।"— বক্তা কে? নিশার স্বপন বলতে কী বোঝানো হয়েছে?

গ) "নরদেহ পবিত্র হইবে কৃষ্ণদরশনে"— এ কথা কে কাকে বলেছেন?

ঘ) 'জনা' নাটকের মূল কাহিনির উৎস লেখো।

ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের দুটি ঐতিহাসিক চরিত্রের নাম লেখো।

চ) "সেই কেবল কাঁদিল না"— কার কথা বলা হয়েছে? তার না কাঁদার কারণ কী?

ছ) ''এখন বারেক শুধাই তোমায়,/ স্নিগ্ধ মরণ আছে কি হোথায়,'' —কে কাকে একথা জিজ্ঞাসা করেছে?

জ) ''এ পারেতে ছোট খেত আমি একেলা'' — তাৎপর্য বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসে মতিবিবির চরিত্র সংক্ষেপে বিশ্লেষণ করো।

খ) পৌরাণিক নাটক হিসাবে 'জনা' নাটকের সার্থকতা বিচার করো।

গ) 'মেঘনাদবধ কাব্যে'র প্রথম সর্গে শোকাকুলা চিত্রাঙ্গদার চিত্র কীভাবে উপস্থাপিত হয়েছে তা লেখো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) কপালকুণ্ডলা চরিত্রটি বিশ্লেষণ করো।

খ) 'সোনার তরী' কবিতাটির রূপক অর্থ বিশ্লেষণ করো।

গ) 'মধুসূদন দত্তের প্রমীলা চরিত্রটি, নবযুগের নবসাহিত্যের সূচনার পরিচয়'— 'মেঘনাদবধ কাব্যে'র তৃতীয় সর্গ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

———————